# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

**আগারগাঁও, শেরেবাংলা নগর**

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৯৯.২২.০১৭

তারিখ ০৬ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ / ২০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষাক্রমের ৩য় পর্বে অধ্যায়নরত বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী **২১-৩০ মার্চ, ২০২৩ খ্রি.** তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের (বর্তমান অধ্যায়নরত) অধ্যক্ষ বরাবর অভিভাবকের (পিতা/মাতা/উপযুক্ত অভিভাবক) প্রতিস্বাক্ষরসহ আবেদন করতে হবে। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট প্রাপ্ত আবেদনপত্র নিম্নে বর্ণিত বদলির সাধারণ নির্দেশিকার আলোকে যাচাই-বাছাই করে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছকে বর্ণিত সময়রে মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে Login করে **(বোর্ডের ওয়েবসাইটে রেজিস্ট্রেশন ব্লকের** ডিপ্লোমা/এইচএসসি পর্যায়ে প্রবেশ করে **"Diploma Transfer Data Entry Link")** বর্ণিত লিংক-এর মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি অনলাইনে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, শুধুমাত্র **২১ মার্চ থেকে ০২ এপ্রিল, ২০২৩ খ্রি.** তারিখ পর্যন্ত অনলাইনে তথ্য প্রেরণের জন্য সার্ভার খোলা থাকবে। সংশ্লিষ্ট সকলকে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক অনুসারে কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ জানান হলো।

### তথ্য ছক-১

| বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ | ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ | বদলির জন্য বোর্ড কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ |
|---|---|---|
| **২১-৩০ মার্চ, ২০২৩ খ্রি.** | **২১ মার্চ, থেকে ০২ এপ্রিল, ২০২৩ খ্রি.** | **২য় পর্বের ফলাফল প্রকাশের ১০ কার্যদিবসের মধ্যে** |

### শিক্ষার্থী বদলির সাধারণ নির্দেশিকা

১. আসন খালি থাকা ও বদলির সাধারণ নির্দেশিকার শর্তাবলী অনুসরণপূর্বক বদলি করা হবে।

২. শিক্ষার্থী বদলির ক্ষেত্রে অবশ্যই টেকনোলজি, প্রবিধান ও শিফটের মিল থাকতে হবে। ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে। মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীরা শুধুমাত্র মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে বদলির সুযোগ পাবে। তবে সহ শিক্ষা প্রতিষ্ঠানের মেয়ে শিক্ষার্থীরা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউটে বদলির সুযোগ পাবে।

৩. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফরেস্ট্রি, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য় পর্বের শিক্ষার্থীরা সেমিস্টারের শুরুতে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে বদলির আবেদন করতে পারবে;

৪. এইচএসসি (বিজ্ঞান)/ এইচএসসি (ভোকেশনাল)/আলিম (বিজ্ঞান) উত্তীর্ণ সরাসরি ৩য় পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ বদলিতে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

৫. কোন অবস্থাতেই অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। ২য় পর্বের সকল বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল বদলির আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে;

৬. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে। তবে ঐ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট টেকনোলজি থাকতে হবে এবং ঐ পর্বে শিক্ষার্থী থাকতে হবে;

৭. ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী বদলির ক্ষেত্রে ০২ (দুই) প্রতিষ্ঠানের সম্মতিতে বর্তমানে অধ্যয়ণরত প্রতিষ্ঠান হতে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log-In করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে;

৮. পিতা-মাতা সরকারি কর্মচারি হলে তাঁদের বদলির ক্ষেত্রে বদলিকৃত কর্মস্থল বা নিকটবর্তী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তাঁদের সন্তান বদলিতে অগ্রাধিকার পাবে;

৯. বদলির ক্ষেত্রে অন্যান্য শর্ত পূরণ করলে ছাত্রীদের অগ্রাধিকার দেয়া হবে;

১০. প্রশাসনিক ও শৃংখলাজনিত কারণে অধ্যক্ষের সুপারিশের প্রেক্ষিতে নীতিমালার ক্রমিক নং ৩ এর শর্তাবলী শিথিল করে বদলি করা যাবে;

১১. পিতা/মাতার মৃত্যুজনিত কারণে শিক্ষার্থীর নিজ জেলা নিকটতম প্রতিষ্ঠানে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে;

১২. বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদনপত্র (অভিভাবকের প্রতিস্বাক্ষর সম্বলিত) যাচাই-বাছাই করে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log-In করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে;

১৩. সংশ্লিষ্ট ছাড়পত্র প্রদানকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান শিক্ষার্থী প্রতি ১০০ (একশত) টাকা হারে ফি আদায় করতে পারবে। যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রাপ্য হবে;

১৪. Online-এ প্রাপ্ত আবেদন হতে মেধাক্রম অনুসারে শুন্য আসনের ভিত্তিতে বদলির জন্য মনোনয়ন প্রদান করা হবে;

১৫. বোর্ড কর্তৃক বদলির জন্য মনোনীত শিক্ষার্থী গ্রহণকারী (বদলিকৃত) প্রতিষ্ঠানে নির্ধারিত সময়ের মধ্যে বদলি ফি বাবদ ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকাসহ অন্যান্য ফিসমূহ প্রদানপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি সম্পন্ন হওয়ার পরে গ্রহণকারী (বদলিকৃত) প্রতিষ্ঠান বদলি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে এবং বদলিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নামের তালিকাসহ নির্ধারিত সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে। উল্লেখ্য প্রতিটি প্রতিষ্ঠানের মোট বদলিকৃত শিক্ষার্থীর বদলির জন্য একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে এবং একবারই জমা দিতে হবে;

১৬. বোর্ড কর্তৃক বদলির জন্য মনোনীত শিক্ষার্থী গ্রহণকারী (বদলিকৃত) প্রতিষ্ঠানে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি সম্পন্ন করতে ব্যর্থ হলে অথবা গ্রহণকারী (বদলিকৃত) নির্দিষ্ট সময়ের মধ্যে বদলিকৃত প্রতিষ্ঠান শিক্ষার্থীর বদলি ফি বাবদ প্রদেয় ব্যাংক ড্রাফট বোর্ডে জমা প্রদান না করলে বদলি মনোনয়ন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;

১৭. বদলিকৃত শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি ও পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি যে প্রতিষ্ঠানে ভর্তি হবেন (বদলিকৃত প্রতিষ্ঠান) সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষ সংরক্ষণ করবেন;

১৮. বদলির ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৯. ডিপ্লোমা ইন এগ্রিকালচার শিক্ষাক্রমের সরকারি প্রতিষ্ঠানসমূহ বদলিতে ভর্তির তালিকার হার্ডকপি পরিচালক (প্রশিক্ষন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা মহোদয়ের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে;

**বিঃ দ্রঃ এইচএসসি (বিজ্ঞান)/ এইচএসসি (ভোকেশনাল)/আলিম (বিজ্ঞান) হতে উত্তীর্ণ সরাসরি ৩য় পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য বদলির জন্য কোনক্রমেই অনলাইনে প্রেরণ করা যাবে না।**

২০।৩।২৩

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)
পরিচালক (কারিকুলাম)
ফোন: ০২-৫৫০০৬৫২৩

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৯৯.২২.০১৭

তারিখ ০৬ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অধ্যক্ষ.................................................... (সকল)।
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। অফিস নথি।

২০।০৩।২৩

(রূপক কান্তি বিশ্বাস)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০